গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং- ৩৪.০১.০০০০.০৩৮.৩৬.০৪৮.২০১৪- ৪৪০ তারিখ-০৭/০৪/২০১৭-খ্রিঃ

বিষয় ঃ সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।

যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (২য় পর্যায়-১ম সংশোধিত)Ó[Integrated Management of Resources for Poverty Alleviation Through Comprehensive Technology(IMPACT) (Phase-) (1stRevised)]-শীর্ষক প্রকল্পের ২০১৬-২০১৭ অর্থবছরের বায়োগ্যাস প্লান্ট স্থাপন লক্ষ্যমাত্রা ১০০% অর্জনের জন্য ২৯-০৩-২০১৭খ্রিঃ তারিখ বুধবার সকাল ১০.০০টায় যুব উন্নয়ন অধিদপ্তরের সম্মেলন কক্ষে পরিচালক(প্রশাসন ও অর্থ), যুব উন্নয়ন অধিদপ্তর , ঢাকা এর সভাপতিত্বে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৭/৪/২০১৭
(মোঃ আঃ হামিদ খান)
প্রকল্প পরিচালক
ইমপ্যাক্ট (ফেজ-২) প্রকল্প
ফোন-৯৫৮৮৩৯২
E-mail:pdImpactphase2dyd@gmail.com

প্রাপক,
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
যুব উন্নয়ন অধিদপ্তর
-------------- উপজেলা
-------------------------জেলা।

বিতরণ ঃ

সদয় অবগতি ও কার্যার্থেঃ

০১। পরিচালক----------------------(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ------------------------------ (সংশ্লিষ্ট) জেলা।
০৩। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (তাঁকে পত্রটি যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।
০৪। উপজেলা ক্রেডিট এন্ড মার্কেটিং অফিসার/ উপজেলা বায়োগ্যাস সাব-এ্যাসিসটেন্ট ইঞ্জিনিয়ার, ইমপ্যাক্ট (ফেজ-২) প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর ------------- উপজেলা-------------জেলা।
০৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর,ঢাকা।
০৬। কমিউনিটি সুপারভাইজার, ইমপ্যাক্ট (ফেজ-২) প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর ------------- উপজেলা------------- জেলা।
০৭। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

বিষয়ঃ মতবিনিময় সভার কার্যবিবরণী।

২৯-০৩-২০১৭খ্রিঃ তারিখ বুধবার সকাল ১০.০০টায় যুব উন্নয়ন অধিদপ্তরের পরিচালক (প্রশাসন ও অর্থ) জনাব শিশির কুমার রায় এর সভাপতিত্বে যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (২য় পর্যায়)" [Integrated Management of Resources for Poverty Alleviation Through Comprehensive Technology(IMPACT) (Phase-2)(1st Revised)] শীর্ষক প্রকল্পের অগ্রগতি কম এমন ২৫টি উপজেলার কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে মতবিনিময় সভা যুব উন্নয়ন অধিদপ্তরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক জনাব আনোয়ারুল করিম প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সভায় ২৫ (পঁচিশ) জন উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা , ০৯(নয়) জন উপজেলা ক্রেডিট এন্ড মার্কেটিং অফিসার , ০৬(ছয়) জন উপজেলা বায়োগ্যাস সাব-এসিসটেন্ট ইঞ্জিনিয়ার, ০১(এক) জন অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক এবং ০৩(জন) জন কমিউনিটি সুপারভাইজার অংশগ্রহণ করেন।

(ক) উদ্বোধনী পর্বঃ

০২। প্রকল্প পরিচালক জনাব মোঃ আঃ হামিদ খান এর সুচনা বক্তব্যের মাধ্যমে 'মত বিনিময়' সভা শুরু হয়। প্রকল্প পরিচালক 'মতবিনিময়' সভার প্রধান অতিথি যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক, অংশগ্রহণকারী মাঠ পর্যায়ের উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ও ইমপ্যাক্ট (ফেজ-২, ১ম সংশোধিত) প্রকল্পের কর্মকর্তা ও কর্মচারীগণকে স্বাগত জানান। প্রকল্প পরিচালক জানান প্রকল্প মেয়াদ (জানুয়ারী/১৪ জুন/১৮ পর্যন্ত) ৩১,০০০টি বায়োগ্যাস প্লান্ট স্থাপনের লক্ষ্যমাত্রা ডিপিপিতে উল্লেখ রয়েছে। জুন'২০১৬ পর্যন্ত অগ্রগতি মাত্র ৪০৭৫টি। বাস্তব প্রেক্ষিতে ২০১৬-২০১৭ অর্থবছরে ১০,০০০টি এবং ২০১৭-২০১৮ অর্থবছরে অবশিষ্ট ১৬,৯২৫টি বায়োগ্যাস প্লান্ট স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়। সভায় অংশগ্রহণকারী ২৫টি উপজেলা থেকে সংগৃহীত কর্মপরিকল্পনা সন্তোষজনক নয়। এ মতবিনিময় সভায় অংশগ্রহণকারী ২৫ (পঁচিশ)টি উপজেলা থেকে জুন/২০১৭খ্রিঃ পর্যন্ত মোট ২৪২৬টি বায়োগ্যাস প্লান্ট স্থাপনের কর্মপরিকল্পনা দাখিল করা হয়েছে। গড়ে প্রতি উপজেলায় ৯৭টি, উল্লেখ্য ১০,০০০টি বায়োগ্যাস প্লান্ট স্থাপনের লক্ষ্যে প্রতি উপজেলায় গড়ে ন্যূনতম ১৫২টি বায়োগ্যাস প্লান্ট স্থাপন করতে হবে। তাছাড়া মার্চ/২০১৭খ্রিঃ পর্যন্ত এ ২৫টি উপজেলায় মাত্র ৮৭৭টি বায়োগ্যাস প্লান্ট হয়েছে যা মোটেই সন্তোষজনক নয়। ১০,০০০টি বায়োগ্যাস প্লান্ট স্থাপনের লক্ষ্যে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদানের জন্য এ মতবিনিময় সভার আয়োজন করা হয়েছে। প্রকল্প পরিচালক আরো জানান প্রকল্পটি আইএমইডি কর্তৃক নিবীড় মনিটরিং (Indeppth study) এর আওতাভূক্ত হয়েছে। শীঘ্রই মাঠ পর্যায় বাস্তব পরিদর্শনে যাবে। সে জন্য সকলকে যথাযথ ভাবে প্রকল্পের রেকর্ডপত্র সংরক্ষণ এবং কার্যক্রম বাস্তবায়ন করার উপর গুরুত্ব আরোপ করেন। প্রকল্প বাস্তবায়নে মহাপরিচালক মহোদয়ের আন্তরিকতা, তাৎক্ষনিক ও সমপোযোগী নির্দেশনার প্রেক্ষিতে প্রকল্পটি এ পর্যায়ে এসেছে মর্মে সভাকে অবহিত করেন। প্রকল্প পরিচালক প্রধান অতিথি যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের প্রতি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে তাঁর সূচনা বক্তব্য শেষ করেন।

০৪। প্রধান অতিথি যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক জনাব আনোয়ারুল করিম প্রকল্পের অগ্রগতির বাস্তব চিত্রের বিষয়ে সভায় আলোচনা করেন। তিনি বলেন প্রাকৃতিক গ্যাসের সীমাবদ্ধতা ও পরিবেশের ভারসাম্য এবং বন উজারের হাত থেকে পরিবেশকে রক্ষায় বায়োগ্যাস প্লান্ট গুরুত্বপূর্ন ভূমিকা পালন করছে। প্রকল্পটি মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্প হিসেবে পরিচিত বলে জানান। তিনি আরো বলেন আমাদের গ্যাস ও বিদ্যুতের চাহিদা বেশী কিন্তু চাহিদার তুলনায় মজুদ বা উৎপাদনের পরিমান অত্যন্ত কম। বায়োগ্যাস প্লান্টের মাধ্যমে গ্যাস ও বিদ্যুৎ এর চাহিদা মিটানো সম্ভব বলে জানান। তিনি আরো উল্লেখ করেন যে, যুব উন্নয়ন অধিদপ্তরাধীন বিভিন্ন প্রকল্পের মধ্যে ইমপ্যাক্ট (ফেজ-২) প্রকল্পটির অগ্রগতির বিষয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রতিনিয়ত জবাবদিহি করতে হচ্ছে। তিনি মাঠ কার্যালয়ের কর্মকর্তাদের বক্তব্য, সমস্যাদি এবং বায়োগ্যাস প্লান্ট স্থাপনের প্রতিবন্ধকতা সম্পর্কে বলেন যে, যতই প্রতিবন্ধকতা থাকুক না কেন তা অতিক্রম করে প্রকল্প বাস্তবায়ন করতে হবে। এ ছাড়া পরিবেশগত প্রতিকূলতার জন্য বর্ষাকালে উচুঁ স্থানে বায়োগ্যাস প্লান্ট স্থাপন সমস্যা এবং অন্যান্য সময়ে বেশী বায়োগ্যাস প্লান্ট স্থাপন করে লক্ষ্যমাত্রা আবিশ্যিকভাবে অর্জন করতে হবে। পরিশেষে বিভিন্ন সমস্যা, প্রতিকূলতা উপেক্ষা করে বাৎসরিক লক্ষ্যমাত্রা ১০০% অর্জন করার নির্দেশনা প্রদান করেন। মতবিনিময় সভায় অংশ গ্রহণের জন্য উপস্থিত সকল কর্মকর্তাগণকে ধন্যবাদ জানান।

০৫। প্রধান অতিথির অনুমোদনক্রমে অনুষ্ঠানের সভাপতি জনাব শিশির কুমার রায়, পরিচালক (প্রশাসন ও অর্থ) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা প্রকল্প সম্পর্কে দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। তিনি বলেন লক্ষ্যমাত্রা পূরণের লক্ষ্যে সকলকে সচেষ্ট হতে হবে এবং লক্ষ্যমাত্রা পূরণ না হলে মাঠ পর্যায়ে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীকে জবাবদিহিতার আওতায় আনা হবে।

(খ) কর্ম অধিবেশন পর্বঃ

০৬। জনাব মোঃ এরশাদ-উর-রশীদ, পরিচালক (দাঃবিঃও ঋন) বায়োগ্যাস প্লান্ট স্থাপন, ঋণ বিতরণ ও ঋণ আদায়ের বিষয়ে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা এবং প্রকল্পে কর্মরত কর্মকর্তা-কর্মচারী সকলকে প্রকল্পের লক্ষ্যমাত্রা অর্জনে আন্তরিকভাবে কাজ করার জন্য পরামর্শ প্রদান করেন। পরিশেষে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা এবং প্রকল্পে কর্মরত কর্মকর্তা-কর্মচারী সকলকে প্রকল্পের লক্ষ্যমাত্রা অর্জনে আন্তরিকভাবে কাজ করার জন্য পরামর্শ প্রদান করেন।

০৭। পরিচালক (প্রশাসন ও অর্থ), জনাব শিশির কুমার রায় উপজেলা ভিত্তিক ২০১৬-২০১৭ অর্থবছরের অগ্রগতি পর্যালোচনা করেন এবং বর্তমান ২০১৬-২০১৭ অর্থবছরের লক্ষ্যমাত্রা অর্জনে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণের প্রতিশ্রুতি গ্রহণ করেন। প্রকল্প পরিচালক উপজেলা ভিত্তিক তথ্যাদি উপস্থাপন করেন। লক্ষ্যমাত্রা অর্জন না করতে পারা ২৫টি উপজেলাকে ২০১৬-২০১৭ অর্থবছরে লক্ষ্যমাত্রা অর্জন বিষয়ে বিশেষ তাগিদ প্রদান করেন ।

০৮। মতবিনিময় সভায় মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ নিম্নবর্ণিত সমস্যাদি উপস্থাপন করেনঃ

১) যে সকল উপজেলায় উপজেলা বায়োগ্যাস সাব-এসিসটেন্ট ইঞ্জিনিয়ার এর পদ শূন্য রয়েছে, যে সকল উপজেলায় ইঞ্জিনিয়ারদের অতিক্তি দায়িত্ব প্রদান করা :

২) অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার টি,এ/ডি,এ এর ব্যবস্থা করা ;

৩) খামারের স্বল্পতা ;

৪) নীচু এলাকায় ৩-৪ ফূট মাটি খুড়লে বা গর্ত করলেই পানি চলে আসা ;

৫) দ্ররিদ্রতার কারণে বায়োগ্রাস প্লান্ট স্থাপনে উদ্যেগী না হওয়া ;

০৯। কার্যালয় ভিত্তিক আলোচনা ও মতবিনিময় শেষে সভায় নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হয় ঃ

(ক) ২০১৬-২০১৭ অর্থবছরে প্রতি উপজেলার বায়োগ্যাস প্লান্ট স্থাপনের মাসভিত্তিক কর্মপরিকল্পনা আবশ্যিক ভাবে বাস্তবায়ন করতে হবে। মাসভিত্তিক কর্মপরিকল্পনায়(সংযুক্ত) উল্লেখিত বায়োগ্যাস প্লান্ট স্থাপনে ব্যর্থ হলে সংশ্লিষ্ট উপজেলাকে জবাবদিহিতার আওতায় আনা হবে ।

(খ) বায়োগ্যাস প্লান্ট স্থাপনে উদ্বুদ্ধকরনের জন্য এলাকার জনগণের মধ্যে ব্যাপক প্রচার-প্রচারনা চালাতে হবে।

(গ) প্রতিকূল পরিবেশে অর্থাৎ বৃষ্টির সময় ত্রিপল/ছামিয়ানা টাংগিয়ে বায়োগ্যাস প্লাট স্থাপনের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

(ঘ) বর্ষাকালে উচুঁ স্থানে এবং বিশেষ ব্যবস্থায় বায়োগ্যাস প্লান্ট স্থাপন করতে হবে এবং অন্যান্য সময়ে বেশী সংখ্যাক বায়োগ্যাস প্লান্ট স্থাপন করে লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে।

(ঙ) কোনভাবেই বিতরণকৃত ঋণ খেলাপী হতে দেয়া যাবে না। খেলাপী হলে দ্রুত আদায়ের কার্যকরী ব্যবস্থা নিতে হবে।

(চ) প্রতি উপজেলা কার্যালয়ে ইমপ্যাক্ট(ফেজ-২) প্রকল্পের নিজস্ব সাইনবোর্ড লাগাতে হবে।

(ছ) প্রতিটি বায়োগ্যাস প্লান্টের ছবি, ভিডিও ফুটেজ ইত্যাদি সংরক্ষন করতে হবে। প্রকল্পের কার্যালয়ে প্রকল্পের কার্যালয়ের অগ্রগতির চিত্র প্রদর্শনযোগ্য থাকতে হবে।

১০। কার্যালয়ভিত্তিক আলোচনা ও মতবিনিময় সভা শেষে সভাপতি অংশগ্রহণকারীদের উদ্দেশ্যে সমাপনী নির্দেশনা প্রদান করেন। সভাপতি তার বক্তব্যে প্রকল্পের কাজের অগ্রগতি বৃদ্ধির লক্ষ্যে উপজেলা পর্যায়ে ব্যাপক প্রচার/প্রচারনার ব্যবস্থা করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করেন। সভাপতি ঘোষনা করেন যে, কর্মকর্তা-কর্মচারীদের ভাল কাজের স্বীকৃতিদানের লক্ষ্যে পুরস্কার প্রদানের ব্যবস্থা করা হবে। তিনি প্রকল্পের লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ও ইমপ্যাক্ট(ফেজ-২,) প্রকল্পে কর্মকর্তাগণকে নিজ নিজ দায়িত্ব নিষ্ঠার সাথে পালনের আহবান জানান। ঋণ বিতরণ ও আদায়ে দায়িত্ব যথাযথভাবে পালন করার নির্দেশনাও প্রদান করেন।

১১। অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে মতবিনিময় সভার সমাপ্তি ঘোষনা করেন।

(শিশির কুমার রায়)
পরিচালক(প্রশাসন ও অর্থ)
(যুগ্মসচিব)